RPGCL

# রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
আরপিজিসিএল ভবন, নিউ এয়ারপোর্ট রোড
প্লট # ২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
www.rpgcl.org.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

*জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে আরপিজিসিএল অঙ্গীকারবদ্ধ*

স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.০০০.৩০৩.১১.০০০২.২৬.২২১ তারিখ: ২২ এপ্রিল ২০২৬

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর প্রধান কার্যালয়ে সম্পূর্ণ সাময়িক ও অস্থায়ী ভিত্তিতে মেডিক্যাল অফিসার (রিটেইনার) নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হলো:

| ক্রমিক | পদের নাম | সম্মানি ও সময় | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|---|---|
| ০১। | **মেডিক্যাল অফিসার (রিটেইনার)** | সর্বসাকুল্যে মাসিক সম্মানি ৳ ৬০,০০০/- (ষাট হাজার)<br>সময়: সকাল ৯.০০ টা থেকে বেলা ২.০০ টা (অফিস সময়ের পরে ও ছুটির দিনে on call-এ) | ০১ (এক) টি | ▪ সরকার অনুমোদিত মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রি। বিএমডিসি'র হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত।<br>▪ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত /বেসরকারি প্রতিষ্ঠানে মেডিক্যাল অফিসার পদে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা।<br>▪ বয়সসীমা: সর্বোচ্চ ৬২ বছর। |

**শর্তাবলি:**

০১। আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে বাংলায় (ক) নাম (বাংলা ও ইংরেজিতে) (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) জন্ম তারিখ ও বয়স (ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বর (চ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (ছ) যোগাযোগ (মোবাইল ফোন ও ই-মেইল) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, বিভাগ/শ্রেণি/গ্রেড, শিক্ষা প্রতিষ্ঠান, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়) (ট) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

০২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত ডকুমেন্ট দাখিল করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশিটের সত্যায়িত কপি।
(খ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
(গ) বিএমডিসি'র হালনাগাদ রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি।
(ঘ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
(ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
(চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

০৩। আবেদনপত্র মহাব্যবস্থাপক (প্রশাসন), রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, আরপিজিসিএল ভবন (৫ম তলা), নিউ এয়ারপোর্ট রোড, প্লট-২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর কুরিয়ার/ডাকযোগে আগামী ২১ মে ২০২৬ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। প্রার্থীর বয়সসীমা ২২ এপ্রিল ২০২৬ তারিখে সর্বোচ্চ ৬২ বছর হতে হবে।

০৫। কোম্পানির প্রধান কার্যালয়ের (আরপিজিসিএল ভবন, নিউ এয়ারপোর্ট রোড, প্লট # ২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা) মেডিক্যাল রুমে প্রতি কার্যদিবসে সকাল ৯.০০ টা থেকে বেলা ২.০০ টা (অফিস সময়ের পরে ও ছুটির দিনে on call-এ) চিকিৎসা সেবা প্রদান করতে হবে।

০৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৭। প্রার্থীদের আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র সঠিক/গ্রহণযোগ্য বিবেচিত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকার গ্রহণের সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র উপস্থাপন করতে হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। সর্বসাকুল্যে মাসিক সম্মানি ব্যতীত অন্য কোনো সুবিধা প্রদেয় হবে না।

০৯। প্রাথমিকভাবে নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।

১০। খামের উপর প্রার্থীত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১১। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাকে কোনো ধরনের অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে না।

১২। কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। এ নিয়োগ সম্পূর্ণ সাময়িক ও অস্থায়ী ভিত্তিতে এবং খন্ডকালীন হবে।

১৪। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত তথ্য আরপিজিসিএল-এর ওয়েবসাইটে (www.rpgcl.org.bd) পাওয়া যাবে।

22-8-2026

-মহাব্যবস্থাপক (প্রশাসন)